

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

তাবূকের পথে মুসলিম বাহিনী (الجيش الإسلامي إلى تبوك)

ها হিজরীর রজব মাসের এক বৃহস্পতিবারে আল্লাহর রাসূল (ছাঃ) ৩০,০০০ সৈন্যের এক বিশাল বাহিনী নিয়ে তাবৃকের উদ্দেশ্যে রওয়ানা হ'লেন। এটাই ছিল তাঁর জীবনের সবচেয়ে বড় সেনা অভিযান। এই সময় তিনি মুহাম্মাদ ইবনে মাসলামাহ আনছারীকে মতান্তরে সিবা' বিন উরফুত্বাহ আল-গিফারীকে মদীনার প্রশাসক নিযুক্ত করেন এবং হযরত আলীকে তাঁর পরিবারের দেখাশুনার দায়ত্ব দিয়ে যান। কিন্তু মুনাফিকরা তাকে সম্ভবতঃ ভীতু, কাপুরুষ ইত্যাদি বলে ঠাট্টা করায় কুদ্ধ হয়ে তিনি পুনরায় গিয়ে পথিমধ্যে সেনাদলে যোগ দেন। তখন সেনাদল দু'তিন মনিয়ল অতিক্রম করে গেছে। আল্লাহর রাসূল (ছাঃ) তাকে কাছে ডেকে সম্লেহে বলেন, الله تَدُونَ مَنْ مُوْسَى ؟ إِلاَّ أَنَّهُ لاَ نَبِيَّ بَعْدِيُ (তুমি কি এতে সন্তুষ্ট নও য়ে, তুমি আমার নিকটে অনুরূপ হও যেমন হারণ ছিলেন মূসার নিকটে? তবে পার্থক্য এই য়ে, আমার পরে আর কোন নবী নেই' (বুখারী হা/৪৪১৬)। একথা শুনে আলী (রাঃ) খুশী মনে মদীনায় ফিরে গেলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5638

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন